ইত্তেফাক

তারিখ 12 OCT 2012
পৃষ্ঠা ৩ কলাম ৩

এমপিও নীতিমালা আংশিক সংশোধন

একটি তৃতীয় বিভাগ থাকলেও শিক্ষক হওয়া যাবে

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষক নিয়োগ ক্ষেত্রে প্রণীত এমপিও নীতিমালা নির্দেশিকা:২০১০ সংশোধন করে শিক্ষাগত যোগ্যতার বিষয়টি শিথিল করেছে সরকার। এর ফলে শিক্ষাজীবনে একটি তৃতীয় বিভাগ পেলেও কেউ এখন শিক্ষক হতে পারবে। বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে এর আগে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য ছিল না।

শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এমপিও নীতিমালার আংশিক সংশোধনের মাধ্যমে পৃষ্ঠা ২ কলাম

একটি তৃতীয় বিভাগ

২০ পৃষ্ঠার পর

বলা হয়, নির্দেশিকার অন্য কোন অনুচ্ছেদ বা উপানুচ্ছেদ বা পরিশিষ্টে যা-ই থাকুক না কেন প্রতিষ্ঠান প্রধান ও সহ-প্রধান নিয়োগের ক্ষেত্রে মাস্টার ডিগ্রি ও কামিল ব্যতীত (প্রযোজ্য ক্ষেত্রে) সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে। প্রতিষ্ঠান প্রধান ও সহপ্রধানসহ ইনচেঞ্জধারী শিক্ষক-কর্মচারীদের সমপদ/সমস্কেলে প্রতিষ্ঠান পরিবর্তন করার ক্ষেত্রে তাদের নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। এর আগে বিভিন্ন শিক্ষক সংগঠন দীর্ঘদিন ধরে শিক্ষক নিয়োগে শিক্ষাগত যোগ্যতার বিষয়টি শিথিল করার দাবি জানিয়ে আসছিল।